

সংলাপ

- এই যে নবীনদাদা ভালো আছ ভাই?
- ছোটোটোর সর্দি ও মেজোটোর কাশি  
মোটো ভালো নাই।
- তোমাদের দিঘিটায় এখনও কি রাজহাঁস নামে?
- চেয়ে তো দেখি না ভাই ডানে কিংবা বামে।
- দিঘির ধারের সেই শিবমন্দির?
- হয়তো বা ভেঙে চৌচির।
- একটুকু বসে যাও, বড্ড তাড়া?
- বাজারটা হয় নি তো সারা।

জ্যোতিভূষণ চাকী

